


স্মার্ট গ্রন্থাগার
স্মার্ট বাংলাদেশ



# জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩

গণগ্রন্থাগার অধিদপ্তর

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

## ভূমিকা

গণগ্রন্থাগার অধিদপ্তর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি অধিদপ্তর-যার অধীনে সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারসহ সারাদেশে ৭১টি সরকারি গণগ্রন্থাগার পরিচালিত হচ্ছে। ১৯৫৪ সালের ০৫ ফেব্রুয়ারি কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরির ভিত্তি প্রস্তর স্থাপিত হয় এবং পরবর্তীতে ১৯৫৮ সালের ২২ মার্চ ১০,০৪০টি পুস্তকের সংগ্রহ নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সংস্কৃতি বিভাগের অধীনে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় বাংলাদেশ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি'র যাত্রা শুরু হয়। পরবর্তীতে লাইব্রেরিটি রাজধানীর প্রাণকেন্দ্র শাহবাগে স্থানান্তরিত হয়। ১৯৮৩ সনে কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরিসহ তৎকালীন বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার এবং জেলা পর্যায়ের বাংলাদেশ পরিষদকে জেলা সরকারি গণগ্রন্থাগার নামকরণ করে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীনে গণগ্রন্থাগার অধিদপ্তর প্রতিষ্ঠিত হয়। কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরিটি এরপর বরেণ্য কবি সুফিয়া কামালের নামানুসারে সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার নামকরণ করা হয়।

দেশের গ্রন্থাগারসমূহের উন্নয়ন ও সমৃদ্ধকরণে এবং আধুনিক তথ্যপ্রযুক্তির আওতায় পাঠকসেবাকে তৃণমূল পর্যায়ে সম্প্রসারিত করতে সরকার কর্তৃক গৃহীত হয়েছে নানাবিধ কর্মপরিকল্পনা। জনগণকে গ্রন্থাগারমুখী করার লক্ষ্যে ২০১৭ সনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ০৫ ফেব্রুয়ারিকে জাতীয় গ্রন্থাগার দিবস হিসেবে ঘোষণা করেছেন।

## রূপকল্প

জ্ঞানমনস্ক আলোকিত সমাজ।

## অভিলক্ষ্য

দেশের সমগ্র জনগোষ্ঠীকে বিজ্ঞান ও আধুনিক তথ্য-প্রযুক্তিভিত্তিক সুবিধাদি-সম্বলিত সময়-সাশ্রয়ী পাঠকসেবা ও তথ্যসেবা প্রদানের মাধ্যমে জ্ঞান ও প্রজ্ঞায় বিকশিত ও সমৃদ্ধকরণ।

## অধিদপ্তরের বর্তমান ঠিকানা

গণগ্রন্থাগার অধিদপ্তরের বহুতল ভবন নির্মাণ প্রকল্পের কাজ শুরু হয়েছে। ফলে সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের লাইব্রেরি কার্যক্রম সাময়িকভাবে ঢাকার রমনাস্থ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) ভবনের ১২ তলায় এবং গণগ্রন্থাগার অধিদপ্তরের প্রধান কার্যালয় রমনাস্থ বিএসএল ভবন-৩ এর ২য় তলায় সাময়িকভাবে স্থানান্তরিত হয়েছে।

## গ্রন্থাগার ব্যবহারের সময়সূচি

১. সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার
শনিবার-বৃহস্পতিবার
সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৪:০০ টা

২. বিভাগীয়, জেলা, উপজেলা ও শাখা সরকারি গণগ্রন্থাগারসমূহ
শনিবার-বুধবার
সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৪:০০ টা

৩. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি-সৌধ কমপ্লেক্স সরকারি গণগ্রন্থাগার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
শনিবার-শুক্রবার
সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৫:০০ টা

## গণগ্রন্থাগারের সেবাসমূহ

বই ও রেফারেন্স সেবা;

- সংবাদপত্র ও দেশি-বিদেশি সাময়িকী সেবা;
- বই লেনদেন সেবা (নিবন্ধিত সদস্যদের জন্য);
- বেসরকারি গণগ্রন্থাগার তালিকাভুক্তিকরণ;
- পুস্তক প্রদর্শনী;
- ইন্টারনেট সেবা;
- ওয়েব পোর্টাল;
- গ্রন্থাগারসমূহে মিলনায়তন ভাড়া।

## অধিদপ্তরের অন্যান্য কার্যক্রম

- গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীনস্ত সকল সরকারি গণগ্রন্থাগারসমূহে বিভিন্ন জাতীয় দিবস যেমন- ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ২১ ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস, ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবস ও জাতীয় শিশু দিবস এবং ১লা বৈশাখ বাংলা নববর্ষসহ অন্যান্য গুরুত্বপূর্ণ দিবস উদ্‌যাপন করা হয়;
- বিভিন্ন জাতীয় দিবস উপলক্ষে প্রতিযোগিতার আয়োজন। রচনা, বইপাঠ, সুন্দর হাতের লেখা, চিত্রাংকন, আবৃত্তি প্রভৃতি প্রতিযোগিতা শিশু থেকে সকল বয়সের প্রতিযোগীরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারেন;
- বরেণ্য কবি/সাহিত্যিকদের জন্ম ও মৃত্যুবার্ষিকী পালন।

## বিগত ১০ বছরে উল্লেখযোগ্য অর্জনসমূহ

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমাধিসৌধ কমপ্লেক্স সরকারি বিশেষ গ্রন্থাগারটি আধুনিকীকরণ;
- ভারতের শান্তিনিকেতনে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে অবস্থিত বাংলাদেশ ভবনে গ্রন্থাগার স্থাপন;
- দেশের ৬৪ জেলায় ১০০০টি গণগ্রন্থাগারে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার স্থাপন;
- আন্তর্জাতিক সহযোগিতা এবং পারস্পারিক সাংস্কৃতিক কর্মকাণ্ড সমৃদ্ধ করার লক্ষ্যে গণগ্রন্থাগার অধিদপ্তর ও বৃটিশ কাউন্সিলের যৌথ উদ্যোগে পরিচালিক 'লাইব্রেরিজ আনলিমিটেড' প্রকল্প বাস্তবায়ন;
- ০৫ ফেব্রুয়ারি-কে জাতীয় গ্রন্থাগার দিবস ঘোষণা;
- সাংগঠনিক অবকাঠামোতে নতুন ৩৬৬টি পদ সৃজন;
- ৬টি জেলায় তিন তলা আধুনিক ভবন নির্মাণ।

## সদ্য সমাপ্ত প্রকল্পসমূহ


- অনলাইনে গণগ্রন্থাগারসমূহের ব্যবস্থাপনা ও উন্নয়ন প্রকল্প;
- কুষ্টিয়া, বরগুনা, চাঁদপুর, মৌলভীবাজার, গাজীপুর ও নারায়ণগঞ্জ জেলায় তিন তলা আধুনিক ভবন নির্মাণ;
- লাইব্রেরিজ আনলিমিটেড প্রকল্প;
- দেশের লাইব্রেরিসমূহে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার স্থাপন প্রকল্প।

## চলমান প্রকল্পসমূহ

- গণগ্রন্থাগার অধিদপ্তরে বহুতল ভবন নির্মাণ প্রকল্প;
- চট্টগ্রাম মুসলিম ইন্সটিটিউট ও সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন প্রকল্প;
- দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি প্রকল্প;
- অনলাইনে সরকারি গ্রন্থাগার সমূহের সেবার সম্প্রসারণ;
- শেখ লুৎফর রহমান গ্রন্থাগার ও গবেষণা কেন্দ্র স্থাপন।

## ভবিষ্যৎ পরিকল্পনা

- ওয়েবসাইটে পুস্তক আপলোড করে অনলাইন লাইব্রেরি স্থাপনের মাধ্যমে ঘরে বসে গ্রন্থাগার ব্যবহারের সুবিধা প্রদান;
- বিশ্বের বিভিন্ন দেশের প্রখ্যাত লাইব্রেরির সাথে গণগ্রন্থাগারের সেবা বিনিময় কার্যক্রম;
- প্রতিটি গণগ্রন্থাগারকে সাংস্কৃতিক প্রাণকেন্দ্র হিসেবে গড়ে তোলা।



৩০ ডিসেম্বর ২০২১-০২ জানুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত ০৪ দিনব্যাপী
অনুষ্ঠিত 'বঙ্গবন্ধু ও স্বাধীনতা' বইমেলা



ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উপলক্ষে আলোচনা সভা



২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উপলক্ষে আয়োজিত
প্রতিযোগিতার পুরস্কার ও সনদ বিতরণ অনুষ্ঠান




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবস উপলক্ষে আলোচনা সভা




১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা



১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক পুস্তক প্রদর্শনী



জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত চিত্রাংকন প্রতিযোগিতা




বাংলা সাহিত্যের জনক ও সমাজ সংস্কারক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের
জন্মদিবস উপলক্ষে আলোচনা সভা